8

তারিখ ... 19-JUL-1996
পৃষ্ঠা - ১ কলাম - ২

দৈনিক ইত্তেফাক

# অধ্যাপক আহসানকে ঢাকা মেডিকেল কলেজের নয়া অধ্যক্ষ

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক (১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## নয়া অধ্যক্ষ

(১ম পৃঃ পর)

এম. এ. হাদীকে সরকার গতকাল স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল) হিসাবে বদলি করিয়াছে। একই সাথে অধ্যাপক আহসানকে ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে নিয়োগ করা হইয়াছে। গতকাল (বৃহস্পতিবার) অধ্যাপক আহসান উল্লাহ অধ্যক্ষ হিসাবে ঢাকা মেডিকেল কলেজে যোগদান করিয়াছেন। গতরাত্রে নয়া অধ্যক্ষের সঙ্গে যোগাযোগ করা হইলে তিনি জানান, শিক্ষক ও ছাত্র প্রতিনিধিদের সঙ্গে আলাপ-আলোচনার মাধ্যমে সুষ্ঠ পরিবেশ সৃষ্টি হইলে মেডিকেল কলেজ খুলিয়া দেওয়া হইবে। উল্লেখ্য, গত ১০ই জুলাই ঢাকা মেডিকেল কলেজের ৫০ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে এক ছাত্র সংঘর্ষের পর কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন এবং ঐদিন ছাত্রদের হোষ্টেল ত্যাগের নির্দেশ দেন। কলেজ ও হোষ্টেল ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হইয়াছে।

### ছাত্রদলের নিন্দা

ঢাকা মেডিকেল কলেজ ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক এম আশরাফুল আলম নিপু এক বিবৃতিতে ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ এমএ হাদীকে বদলি করার তীব্র প্রতিবাদ করিয়াছেন। তিনি বলেন, অধ্যক্ষ হাদীকে কোন মেডিকেল কলেজে বদলি না করিয়া পরিচালক পদে বদলি করা হইয়াছে। তিনি বলেন, সার্জারীর শিক্ষক এম, এ, রশীদকে হয়রানিমূলক বদলি করা হইয়াছে। তিনি বলেন, এই বদলির মাধ্যমে আওয়ামী লীগ দলীয়করণের দিকে যাইতেছে। তিনি ২০শে জুলাই ঢাকা মেডিকেল কলেজ খুলিয়া দেওয়ার এবং তাহাদের উপর হামলার বিচার দাবী করিয়াছেন।